65

দৈনিক জনকণ্ঠ

তারিখ 1 AUG 1996
পৃষ্ঠা ২ কলাম ৩

# এইচএসসি'র ব্যবহারিক পরীক্ষা নিয়ে ব্যবসা!

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** এইচএসসি পরীক্ষার্থীদের ব্যবহারিক পরীক্ষা নিয়ে এবার ব্যবসা শুরু হয়েছে। বিভিন্ন কলেজের ছাত্র ও অভিভাবকগণ অভিযোগ করেছেন, ব্যবহারিক পরীক্ষায় ভাল নম্বরের লোভ দেখিয়ে কতিপয় কলেজের শিক্ষক ও কর্মচারীরা ছাত্রদের কাছ থেকে প্রতি বিষয়ে ৫০০ টাকা করে নিচ্ছে। এতে দেখা যায়, মোট ছয়টি বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় ভাল নম্বর পাবার জন্য একজন ছাত্রকে তিন হাজার টাকা করে গুনতে হবে। জানা গেছে, এইচএসসি ব্যবহারিক পরীক্ষা নিয়ে শিক্ষা মন্ত্রণালয় টানাহেঁচড়া করায় অভিযুক্ত শিক্ষক-কর্মচারীরা এ সুযোগ পেয়েছে।

ইতোপূর্বে নিয়ম ছিল লিখিত পরীক্ষাশেষে ছাত্রদের নিজ নিজ কলেজে ব্যবহারিক পরীক্ষা নেয়া হবে। কিন্তু ১৯৯৬ সালের এইচএসসি পরীক্ষার্থীদের ব্যবহারিক পরীক্ষা নিয়ে শিক্ষা মন্ত্রণালয় তিন তিনবার নিয়ম পরিবর্তন করেন। গত বছরের ১৭ জুলাই নোটিস জারি করা হয় যে, এসএসসি ও এইচএসসি ব্যাবহারিক পরীক্ষা নিজ নিজ পরীক্ষাকেন্দ্রে অনুষ্ঠিত হবে, পরীক্ষক থাকবেন অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানের। এ সিদ্ধান্ত ঘোষণার সাথে সাথেই মিশ্র প্রতিক্রিয়া দেখা দেয়। এ অবস্থায় সরকার এ বছরের ২৫ জুন ব্যবহারিক পরীক্ষা পরীক্ষার্থীদের নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে বলে সিদ্ধান্ত ঘোষণা করে। কিন্তু শেষ পর্যন্ত আবার গত ৩ আগস্ট শিক্ষা মন্ত্রণালয়ের এক সিদ্ধান্ত ঘোষণা করা হয় যে, নিজ নিজ পরীক্ষা কেন্দ্রেই ব্যবহারিক পরীক্ষা নেয়া হবে এবং অভ্যন্তরীণ ও বহিরাগত পরীক্ষকদের অন্য শিক্ষা প্রতিষ্ঠানের হতে হবে। এ নিয়ে ছাত্ররা বিপাকে পড়েছে। জানা গেছে, বর্তমান নিয়ম পূর্বেই অবহিত হয়ে কতিপয় কলেজের শিক্ষক ও কর্মচারীরা তত্ত্বীয় পরীক্ষাশেষে ছাত্রদের যোগাযোগ করতে বলে।